ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স–১৬৯৭
তেলিয়ামুড়া, ১১ জুলাই, ২০২৫

**তেলিয়ামুড়ায় কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা**

তেলিয়ামুড়া পুর পরিষদ ও তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে আজ চিত্রাঙ্গদা কলা কেন্দ্রে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে তেলিয়ামুড়া বিধানসভা এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় ৮০ শতাংশ বা তার বেশি নম্বরপ্রাপ্ত ১৩৩ জন কৃতি ছাত্রছাত্রীকে সংবর্ধনা জানানো হয়।

অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য পদ্মশ্রী অধ্যাপক অরুণোদয় সাহা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব, ভাইস চেয়ারম্যান নির্মল সূত্রধর, তেলিয়ামুড়া পুর পরিষদ এর ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটির সভাপতি অচিন্ত্য ভট্টাচার্য, তেলিয়ামুড়া ব্লকের বিডিও বিপ্লব আচার্য প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুরো পরিষদ এর চেয়ারপারসন রূপক সরকার। স্বাগত বক্তব্য রাখেন পুর পরিষদ এর উপ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিত রায় চৌধুরী। অনুষ্ঠানের উদ্বোধক মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন এবং শিক্ষা প্রসারে রাজ্য সরকারের বিভিন্ন দিক তুলে ধরেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য পদ্মশ্রী অধ্যাপক অরুণোদয় সাহা, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নির্মল সূত্রধর, তেলিয়ামুড়া পুর পরিষদ এর চেয়ারপারসন রূপক সরকার।

*****